



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637

dgmpd1@krishibank.org.bd

www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(১)অংশ-২/২০১৮-২০১৯/ ৪৫০৩

তারিখ : ১৮.০২.২০১৯ খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : মানবিক সাহায্যের আবেদন।

প্রিয় মহোদয়


উপর্যুক্ত বিষয়ে বিকেবি, ময়মনসিংহ শাখা, ময়মনসিংহ(দঃ) এর অবসরপ্রাপ্ত উর্ধ্বতন কর্মকর্তা জনাব মোঃ আব্দুল মালেক মিয়া (এ-২৮৩১) মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে মানবিক সাহায্যের জন্য আবেদন করেছেন।

০২। জনাব মোঃ আব্দুল মালেক মিয়া (এ-২৮৩১)-এর ছেলে শেখ মোঃ ফজলুল হক জটিল কিডনী রোগে আক্রান্ত। বাংলাদেশ ও ভারতের ভেল্যুরে অবস্থিত ক্রিশ্চিয়ান মেডিকেল হাসপাতালে পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে জানতে পারা যায় যে, তার দুটো কিডনীই অকেজো হয়ে গেছে। কিডনী প্রতিস্থাপন না করা পর্যন্ত প্রতি সপ্তাহে দুই দিন ডায়ালাইসিস করাতে হবে। বর্তমানে ময়মনসিংহের সায়েম ডায়াগনো কমপ্লেক্স এন্ড হাসপাতালে প্রতি সপ্তাহে দুই দিন ডায়ালাইসিস দেওয়া হচ্ছে যা সাময়িক, ব্যয়বহুল ও কষ্টসাধ্য। বাংলাদেশ ও ভারতে চিকিৎসা করাতে গিয়ে তিনি ঋণগ্রস্ত হয়ে পড়েছেন। অথচ ছেলের কিডনী প্রতিস্থাপন অত্যন্ত জরুরী। কিডনী প্রতিস্থাপন করতে ভারতে যাওয়া-আসা, থাকা-খাওয়া ও অন্যান্য খরচসহ প্রায় ৩০(ত্রিশ) লক্ষ টাকার প্রয়োজন। তার পক্ষে এত টাকার ব্যবস্থা করা অসম্ভব। বর্তমানে অর্থাভাবে ব্যয়বহুল এই চিকিৎসা চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না বিধায় তিনি মানবিক কারণে আর্থিক সাহায্য কামনা করেছেন।

০৩। এমতাবস্থায়, জনাব মোঃ আব্দুল মালেক মিয়া (এ-২৮৩১) এর ছেলের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, ময়মনসিংহ শাখা, ময়মনসিংহ(দঃ) এ পরিচালিত তার সঞ্চয়ী হিসাব নং-১৪১০৪-এ যার যা সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত


(এম, এ, রউফ হুইয়া)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(দঃ)।
- ০৪। ব্যবস্থাপক, বিকেবি, ময়মনসিংহ শাখা, ময়মনসিংহ(দঃ)।
- ০৫। জনাব মোঃ আব্দুল মালেক মিয়া (এ-২৮৩১), অবসরপ্রাপ্ত উর্ধ্বতন কর্মকর্তা, বিকেবি, ময়মনসিংহ শাখা, ময়মনসিংহ(দঃ)।
- ০৬। নথি/অফিস নথি।